

বাংলাদেশ আওয়ামী লীগের সংগ্রাম ও সাফল্যের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকীতে  
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধুর ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

“মহান মুক্তিযুদ্ধের স্বপক্ষের সকল শক্তি ঐক্যবদ্ধভাবে কাজ করলে

বঙ্গবন্ধু ও মহান মুক্তিযুদ্ধের সকল স্বপ্ন পূরণ সম্ভব হবে: ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার”

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধসহ ঐতিহাসিক সকলের আন্দোলনের নেতৃত্বদানকারী দল বাংলাদেশ আওয়ামী লীগের সংগ্রাম ও সাফল্যের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আজ শনিবার ২৩ জুন ২০১৮ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বি ব্লকে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধুর ম্যুরালে এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার ও উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমানের নেতৃত্বে এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, মেডিক্যাল টেকনোলজিস্ট ও কর্মচারীবৃন্দ পুষ্পস্তবক অপর্ণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন। এ সময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এ বিএম আব্দুল হান্নান, বক্ষব্যধি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. একেএম মোশাররফ হোসেন, নাক কান গলা বিভাগের অধ্যাপক এ এইচ এম ডা. জহুরুল হক সান্না, সহকারী প্রক্টর ও সহযোগী অধ্যাপক ডা. আহসানুর হাবীব হেলাল, চীফ এস্টেট অফিসার ডা. একেএম শরীফুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

এসময় উপস্থিত সকলের উদ্দেশ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু ও বাংলাদেশ আওয়ামী লীগের নেতৃত্বে মহান মুক্তিযুদ্ধ সংগঠিত হয়েছে, বাংলাদেশ স্বাধীন হয়েছে। বর্তমানে বঙ্গবন্ধুর অবর্তমানে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ বিশ্বে মাথা উঁচু করে দাঁড়িয়েছে এবং দেশ ও জাতি উন্নত ও সমৃদ্ধির পথে এগিয়ে যাচ্ছে। বর্তমানে বাংলাদেশ আওয়ামী লীগের নেতৃত্বে মহান মুক্তিযুদ্ধের স্বপক্ষের সকল শক্তি ঐক্যবদ্ধভাবে কাজ করলে বঙ্গবন্ধু ও মহান মুক্তিযুদ্ধের সকল স্বপ্ন পূরণ সম্ভব হবে।

